

মাক-আকাশে হঠাৎ জ্ঞান হারালেন মার্কিন নারী

- A Monitor Desk Report

Date: 14 December, 2025



ঢাকাঃ গোয়া থেকে দিল্লিগামী ইন্ডিগোর একটি উড়োজাহাজে মাক আকাশে হঠাৎ অসুস্থ হয়ে জ্ঞান হারান যুক্তরাষ্ট্রের এক নারী যাত্রী।

আকস্মিক এই পরিস্থিতিতে উড়োজাহাজের ভেতরেই জীবনরক্ষাকারী ভূমিকা নেন এক সহযাত্রী চিকিৎসক। তার দ্রুত চিকিৎসা ও সিদ্ধান্তে শেষ পর্যন্ত প্রাণে বেঁচে যান ওই নারী।

বিমানবন্দর সূত্রে জানা গেছে, শনিবার (১৩ ডিসেম্বর) দুপুরে গোয়া থেকে ওড়ার ১০ মিনিটের মাথায় অসুস্থ হয়ে পড়েন জেনি নামের ওই যাত্রী। ৩৪ বছরের ওই নারী ক্যালিফোর্নিয়ার বাসিন্দা।

গোয়ায় ঘুরে দিল্লিতে বিয়ের অনুষ্ঠানে যোগ দিতে যাচ্ছিলেন তিনি। ঘড়িতে তখন দুপুর ১টা ১৫ মিনিট। কাঁপতে থাকেন জেনি। পাশে ছিল তার বোন। জানতে পেরে জেনির আসনের কাছে চলে আসেন চিকিৎসক নিম্বালকর। কর্নাটকের বেলগাভি জেলার খানাপুর বিধানসভা কেন্দ্রের বিধায়ক ছিলেন তিনি।

নিম্বালকর এসে দেখেন জেনি অচেতন হয়ে পড়ে আছেন। তার শরীর ফ্যাকাশে হয়ে গেছে। এরপরেই প্রাথমিক চিকিৎসা শুরু করেন ওই চিকিৎসক।

জেনির বোনের থেকে জানতে পারেন, আগের দিন পেটে ইনফেকশন হয়েছিল তার। তখন কিছুটা সুস্থ বোধ করলেও আধা ঘণ্টা পরে আবার অসুস্থ হয়ে পড়েন জেনি। সে সময় তার কাছেই বসে ছিলেন নিম্বালকর।

শেষে দিল্লি বিমানবন্দরের সঙ্গে যোগাযোগ করে গুরুত্ব বুঝে সেটির দ্রুত অবতরণের ব্যবস্থা করা হয়। অবতরণের পরে নারীকে হাসপাতালে ভর্তি করা হয়।

